# ডিবিএ নির্বাচন বোর্ড

২৮ আগষ্ট, ২০২৫
ডিবিএ/নির্বাচন বোর্ড/২০২৫-২৭/০১

**সকল সম্মানিত সদস্য**
ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ)

## ডিবিএ পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৫-২৬ ও ২০২৬-২৭) বিজ্ঞপ্তি

এতদ্বারা ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ)-এর সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন আইন-২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ মোতাবেক ডিবিএ-এর ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদে নির্বাচন আগামী ২৩ নভেম্বর, ২০২৫ তারিখ, রবিবার, সংযুক্ত নির্বাচন তফসিল (সংযুক্তি-১) অনুযায়ী অনুষ্ঠিত হবে।

নির্বাচন সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নরুপ:

১. ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সদস্য হয়েছেন, এরুপ কোন সদস্য নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

২. ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের নির্বাচনের তারিখের পূর্ববতী ৬০ (ষাট) তম দিন পর্যন্ত এসোসিয়েশনের প্রাপ্য চাঁদা বকেয়া রেখেছেন, এরুপ কোন সদস্য নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

৩. ডিবিএর পরিচালনা পর্ষদের মেয়াদ হবে দায়িত্ব গ্রহণের তারিখ হতে ২৪ (চব্বিশ) মাস। ডিবিএর পরিচালনা পর্ষদ নিম্নরুপে গঠিত হবে:

| | |
|---|---:|
| সভাপতি | ১ জন |
| সিনিয়র সহ-সভাপতি | ১ জন |
| সহ-সভাপতি | ১ জন |
| পরিচালক | ১২ জন |
| **মোট** | **১৫ জন** |

৪. ডিবিএর পরিচালনা পর্ষদের নিম্নোক্ত পদসমূহের জন্য নির্বাচন তফসিলে বর্ণিত সময়সীমার মধ্যে নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন জমা দিতে হবে:

| | |
|---|---:|
| সভাপতি | ১ জন |
| সিনিয়র সহ-সভাপতি | ১ জন |
| সহ-সভাপতি | ১ জন |
| পরিচালক | ১২ জন |
| **মোট** | **১৫ জন** |

৫. চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন হতে তফসিলে বর্ণিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা পর্যন্ত) নির্বাচন বোর্ডের অফিস (**ঠিকানা: ডিএসই টাওয়ার, লেভেল-৬, রুম নং-৮৯, প্লট-৪৬, রোড-২১, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯**) থেকে সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদের নমিনেশন ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।



Member: Asia Securities Forum

DSE Tower, Level-6, Room # 89, Plot-46, Road-21, Nikunja-2, Dhaka-1229, Tel: +88-02-41040489, E-mail: secretary@dba-bd.org, Web: www.dba-bd.org

৬. কোন সদস্য এসোসিয়েশনের নির্বাচনে কোন পদে প্রার্থী হতে পারবেন না যদি তিনি (ক) ঋণ খেলাপি হোন বা (খ) কর খেলাপি হোন, বা (গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদন্ডে দন্ডিত হোন এবং মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হয়, বা (ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হয়ে থাকেন, বা (ঙ) কোন আদালত কর্তৃক দেউলিয়া বলে ঘোষিত হয়, বা দেউলিয়া হিসেবে ঘোষিত হওয়ার জন্য আবেদন করে থাকেন।

৭. নির্বাচনের সকল পদের প্রার্থীগণ মনোনয়ন পত্রের সাথে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা প্রদান করবেন:

| | |
|---|---|
| ১ | ঋণ খেলাপী কিনা সে বিষয়ে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নকৃত বাংলাদেশ ব্যাংক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র; |
| ২ | কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করেছেন কিনা সে বিষয়ে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নকৃত জাতীয় রাজস্ব বোর্ড প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র; |
| ৩ | ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদন্ডে দন্ডিত কিনা এবং তার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হয়েছে কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ; |
| ৪ | জাতীয় পরিচয় পত্র, সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি। |

৮. প্রার্থীদের বিভিন্ন পদে নমিনেশন ফরম সংগ্রহ করার জন্য নিম্নোক্ত হারে ফি (অফেরৎযোগ্য) পরিশোধ করতে হবে:

| পদ | নমিনেশন ফি (টাকা) |
|---|---|
| সভাপতি | ৪০,০০০/- |
| সিনিয়র সহ-সভাপতি | ৩৫,০০০/- |
| সহ-সভাপতি | ৩৫,০০০/- |
| পরিচালক | ৩০,০০০/- |

**বিঃ দ্রঃ উল্লেখিত ফি নগদ অথবা পে-অর্ডারের মাধ্যমে ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ-এর অনুকূলে প্রদান করা যাবে।**

৯. নির্বাচন বোর্ড কর্তৃক বিভিন্ন পদের জন্য নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তফসিলে নির্ধারিত সময় অনুযায়ী নিম্নোক্ত ডকুমেন্টসসহ নির্বাচন বোর্ডে দাখিল করতে হবে:

(১) যথাযথভাবে পূরণকৃত মনোনয়ন ফরম;

(২) ডিবিএর নির্বাচনে প্রার্থী হিসেবে অংশগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত সংক্রান্ত পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী;

(৩) নমিনেশন ফরম বাবদ নির্ধারিত ফি পরিশোধের মূল রশিদ;

(৪) মনোনয়ন ফরম-এ উল্লেখিত অন্যান্য ডকুমেন্টস;

১০. নির্বাচন তফসিলে উল্লেখিত নির্ধারিত সময়ের পর কোন মনোনয়ন ফরম গ্রহণ করা হবে না।

১১. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদেই নির্বাচন করতে পারবেন। একাধিক পদে মনোনয়ন ফরম দাখিল করা হলে সকল মনোনয়ন বাতিল হবে।

১২. কোন প্রার্থী পদ প্রত্যাহার করতে চাইলে তফসিলে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট উপস্থিত হয়ে নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত লিখিত আবেদন করতে হবে।

১৩. চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সকল সদস্য পরিচালনা পষর্দের নির্বাচনে সকল পদে প্রার্থী হিসেবে অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

১৪. ভোটারগণ গোপন ব্যালটের মাধ্যমে স্বশরীরে সরাসরি ভোটে ১ জন সভাপতি, ১ জন সিনিয়র সহ-সভাপতি, ১ জন সহ-সভাপতি ও ১২ জন পরিচালক নির্বাচিত করবেন।

১৫. প্রত্যেক ভোটারকে আবশ্যিকভাবে প্রতিটি পদের নির্বাচনের জন্য নিম্নোক্তরুপে তার ভোট প্রয়োগ করতে হবে। কম বা বেশী হলে তার ভোট বাতিল বলে গণ্য হবে;

| পদ ও পদের সংখ্যা | ভোট সংখ্যা |
|---|---|
| সভাপতি (১ জন) | ১ টি |
| সিনিয়র সহ-সভাপতি (১ জন) | ১ টি |
| সহ-সভাপতি (১ জন) | ১ টি |
| পরিচালক (১২ জন) | ১২ টি |

১৬. ডিবিএর পরিচালনা পর্ষদে কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদ শেষে অন্যূন একটি নির্বাচনে অংশগ্রহণ না করে পরবর্তীতে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এর আওতায় নির্বাচিত বা মনোনীত সকল প্রতিনিধির ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হবে।

১৭. নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন প্রার্থী আপিল বোর্ডে আপত্তি দাখিল করতে চাইলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/ নগদ আকারে জমাদানপূর্বক তফসিলে নির্ধারিত সময় অনুযায়ী আপিল করতে পারবে।

১৮. ডিবিএর নির্বাচন কার্যক্রম বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এবং ডিবিএর সংঘবিধি ও সংঘ-স্মারক অনুযায়ী সম্পাদিত হবে। আইন ও বিধিমালার সাথে সংঘবিধি ও সংঘ-স্মারক-এর কোন বিষয় সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে আইন ও বিধিমালার বিধানাবলী অগ্রাধিকার পাবে।

১৯. যদি দৈব-দূর্বিপাক বা নিয়ন্ত্রণ বহির্ভূত/ অনিবার্য কারণে নির্বাচন তফসিলে উল্লেখিত কোন কার্যক্রম নির্দিষ্ট দিনে সম্পন্ন করা সম্ভব না হয়, তবে উক্ত কার্যক্রম নির্ধারিত দিনের পরবর্তী দিনে সম্পন্ন করা হবে।

২০. নির্বাচন কার্যক্রমের জন্য ডিবিএ সচিবালয় প্রতিদিন (রবিবার-বৃহস্পতিবার) সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে নির্বাচন তফসিলে উল্লেখিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনে ছুটির দিনেও ডিবিএ কার্যালয় খোলা থাকবে।

২১. ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত নাই এইরুপ কোন ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা প্রার্থীর প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারবে না।

২২. নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ডের চেয়ারম্যান বা সদস্য নির্বাচনে প্রার্থী বা প্রার্থীর প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারবে না, তবে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

২৩. সকল ভোটার, প্রার্থী ও সংশ্লিষ্টদের নির্বাচন আচরণ বিধি (সংযুক্তি-২) যথাযথভাবে মেনে চলতে হবে।

দেওয়ান আজিজুর রহমান
সদস্য
ডিবিএ নির্বাচন বোর্ড
Dewan Azizur Rahman
Member
DBA Election Board

মো. শাহাদাত হোসেন খান
সদস্য
ডিবিএ নির্বাচন বোর্ড
Md. Shahadat Hossain Khan
Member
DBA Election Board

মোহাম্মদ এ. হাফিজ
চেয়ারম্যান
ডিবিএ নির্বাচন বোর্ড
Mohammad A. Hafiz
Chairman

সংযুক্তি : (১) নির্বাচন তফসিল।
(২) নির্বাচন আচরণবিধি।

## DBA ELECTION BOARD

Annexure: 01
Date: August 28, 2025

### SCHEDULE OF
### DBA BOARD OF DIRECTORS ELECTION
(2025-26 & 2026-27)

| Sl. | Events | Date, Day and Time |
|---|---|---|
| 1 | Publication of Election Schedule and notice of Election on DBA Notice Board and dispatch to the members. | August 28, 2025 (Thursday) |
| 2 | Last date and time for payment of subscription for 2025 and arrears, if any. | September 25, 2025 (Thursday) 5:00 pm |
| 3 | Publication of **Preliminary Voters' List** by the Election Board | October 5, 2025 (Sunday) |
| 4 | Last date and time for filing objection to the Election Appeal Board against the Preliminary Voters' List, if any. | October 8, 2025 (Wednesday) 4:00 pm |
| 5 | Hearing and disposal of objection to the Preliminary Voters' List by the Election Appeal Board. | October 9-11, 2025 (Thursday-Saturday) |
| 6 | Publication of **Final Voters' List** by the Election Board | October 13, 2025 (Monday) |
| 7 | Collection & submission of nomination papers for the posts of President, Senior Vice President, Vice President and Directors. | **October 13-19, 2025** 10:00 am to 4:00 pm |
| 8 | **Last date and time of Submission of Nomination for the posts of President, Senior Vice President, Vice President and Directors.** | October 19, 2025 (Sunday) 4:00 pm |
| 9 | Publication of the **Primary List of Valid Candidates** for the posts of President, Senior Vice President, Vice President and Directors upon examination of Nomination Papers by the Election Board. | October 26, 2025 (Sunday) |
| 10 | Last date and time for filing appeal to the Election Appeal Board against the cancellation of any nominations for the posts of President, Senior Vice President, Vice President and Directors. | October 28, 2025 (Tuesday) 4:00 pm |
| 11 | Hearing and disposal of appeal against the cancellation of nominations by the Election Appeal Board. | October 29-31, 2025 (Wednesday-Friday) |
| 12 | Publication of the **Final List of Valid Candidates** for the posts of President, Senior Vice President, Vice President and Directors. | November 1, 2025 (Saturday) |
| 13 | Last date & time of **withdrawal of Candidature.** | November 3, 2025 (Monday) 2:00 pm |


DSE Tower, Level-6, Room # 89, Plot-46, Road-21, Nikunja-2, Dhaka-1229, Tel: +88-02-41040489, E-mail: secretary@dba-bd.org, Web: www.dba-bd.org

| Sl. | Events | Date, Day and Time |
|---|---|---|
| 14 | Publication of the **Final List of Candidates** by the Election Board. | November 3, 2025 (Monday) |
| 15 | Last date of changing TREC Holder representative (Extract of the Board meeting resolution, 1 (one) copy recent color photograph with attested specimen signature of new representative is required to change representative) | November 10, 2025 (Monday) 4:00 pm |
| 16 | **Election for the posts of President, Senior Vice President, Vice President and Directors.**<br><br>**Venue:** DBA Office, DSE Tower, Level-6, Room # 89, Plot-46, Road-21, Nikunja-2, Dhaka-1229 | **November 23, 2025 (Sunday)**<br>**10:00 am to 4:00 pm without break** |
| 17 | Publication of the result of Election by the Election Board | After counting votes |
| 18 | Date and time of filing appeal to the **Election Appeal Board on matters related to conducting the Election** | November 24, 2025 (Monday) 4:00 pm |
| 19 | Disposal of appeal by the Election Appeal Board and communicating of decision to the Election Board | November 26, 2025 (Wednesday) 4:00 pm |
| 20 | Publication of result of Election Board | November 27, 2025 (Thursday) |
| 21 | Last date and time for filing appeal to the **Election Appeal Board against the result of Election**, if any. | November 29, 2025 (Saturday) 4:00 pm |
| 22 | Disposal of appeal by the Election Appeal Board, and communication of decision to the Election Board. | Nov 30-Dec 2, 2025 (Sunday to Tuesday) |
| 23 | Publication of **Final result of Election** by Election Board. | December 3, 2025 (Wednesday) |

**NOTE:**

1. The Election will be conducted as per Trade Organization Act, 2022, Trade Organization Rules, 2025 and the Articles of Association of DSE Brokers Association of Bangladesh (DBA).
2. **Proxy vote shall not be allowed.**

**Dewan Azizur Rahman**
Member
DBA Election Board

Dewan Azizur Rahman
Member
DBA Election Board

**Md. Shahadat Hossain Khan**
Member
DBA Election Board

Md. Shahadat Hossain Khan
Member
DBA Election Board

**Mohammad A. Hafiz**
Chairman
DBA Election Board

Mohammad A. Hafiz
Chairman
DBA Election Board

## ডিবিএ নির্বাচন বোর্ড

সংযুক্তি-২

## ডিবিএ পরিচালনা পর্ষদ নির্বাচন
## (২০২৫-২৬ ও ২০২৬-২৭)

### আচরণ বিধি

ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) পরিচালনা পর্ষদ নির্বাচন তফসিল ঘোষনার দিন হতে নির্বাচন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত নিম্নোক্ত নির্বাচন আচরণ বিধি কার্যকর থাকবে। যদি কোন প্রার্থী নিম্নলিখিত আচরণ বিধি লঙ্ঘন করেন তবে তাকে আত্নপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার প্রার্থীতা বাতিল করা যেতে পারে, যেমন:

১. (ক) নির্বাচন উপলক্ষে কোন প্রকার বিল বোর্ডের মাধ্যমে প্রচার, প্লেকার্ড ও দেয়াল লিখন, ব্যানার ব্যবহার কিংবা মিছিল ও শ্লোগান দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

(খ) টিভি, রেডিও বা অন্য কোন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় নির্বাচনী বিজ্ঞপ্তি প্রকাশ/ প্রচার করা যাবে না।

(গ) শুধুমাত্র এ-৪ সাইজের (সাদাকালো) লিফলেট-এর মাধ্যমে নির্বাচনী প্রচারণা চালানো যাবে।

(ঘ) কোন প্রার্থী ভোটারদের কোন প্রকার উপঢৌকন (গিফট) প্রদান করতে পারবেন না।

(ঙ) ডিবিএর অফিসিয়াল হোয়াটসঅ্যাপ (DBA MEMBERS FORUM) গ্রুপে প্রার্থী পরিচিতি এবং প্রচারপত্র প্রকাশ করা যাবে না। তবে ডিবিএর পক্ষ থেকে নির্বাচন সংক্রান্ত তথ্য ও বিজ্ঞপ্তি সদস্যদের জ্ঞাতার্থে অত্র হোয়াটসঅ্যাপ ফোরামে প্রকাশ করা যাবে।

২. কোন প্রার্থী একক বা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতিমূলক অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং এতে অংশগ্রহণ করতে পারবে না।

৩. ডিবিএ নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে প্রার্থী পরিচিতি সভা (প্রজেকশন মিটিং) আয়োজন করা যাবে। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হবে। সভায় প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য উপস্থাপন করতে পারবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন বা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয়ভার নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীদের উপর নির্ধারিত হারে ফি ধার্য করবেন।

৪. নির্বাচন শুরু হওয়ার ৪৮ ঘন্টা পূর্বে সকল ধরনের প্রচারণা নিষিদ্ধ থাকবে।

৫. নির্বাচন অনুষ্ঠানের দিনে ভোট কেন্দ্রের ৩০ (ত্রিশ) গজের মধ্যে কোন প্রার্থী বা ভোটার বা এজেন্ট বা সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে।

৬. ভোট প্রদানের পর ভোট কেন্দ্রে কোন প্রার্থী বা ভোটার অপ্রয়োজনে ঘোরাঘুরি বা প্রচারনা চালাতে পারবে না।

৭. কোন ব্যক্তি বা ভোটার নির্বাচন আচরণ বিধি লংঘন করলে তার বিরুদ্ধে নির্বাচন বোর্ড তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবেন। অভিযোগ প্রমান সাপেক্ষে প্রয়োজনে নির্বাচন বোর্ড প্রার্থীর প্রার্থীতা বাতিল করবেন এবং ভোটারকে ভোট কেন্দ্র ত্যাগ করার নির্দেশনা প্রদান করবেন।



Member: Asia Securities Forum

DSE Tower, Level-6, Room # 89, Plot-46, Road-21, Nikunja-2, Dhaka-1229, Tel: +88-02-41040489, E-mail: secretary@dba-bd.org, Web: www.dba-bd.org

৮. নির্বাচন বিধিমালায় বর্ণিত যে কোন লঙ্ঘনের বিষয়ে নিম্নলিখিতভাবে ব্যবস্থা নেয়া হবেঃ

(ক) কোন প্রার্থীর বিরুদ্ধে সকল আপত্তি বা নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের জন্য কোন প্রার্থীর অভিযোগ নির্বাচন বোর্ডে লিখিতভাবে দাখিল করতে হবে।

(খ) নির্বাচন বোর্ড আত্মপক্ষ সমর্থনের জন্য প্রার্থীর যথাযথ শুনানি পরিচালনা করবে এবং সিদ্ধান্ত দেবে।

(গ) যদি সংক্ষুব্ধ প্রার্থী নির্বাচন বোর্ডের এই সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে তিনি আপিল বোর্ডে আপিল করতে পারবেন।

(ঘ) সংক্ষুব্ধ প্রার্থীদের সুষ্ঠু শুনানির জন্য নির্বাচনের সময় আপিল বোর্ড উপস্থিত থাকবে।

(ঙ) শুনানির পর আপিল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত এবং আইনত বাধ্যতামূলক হবে।

৯. নির্ধারিত নির্বাচন বিধি প্রার্থী ও ভোটার কর্তৃক যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণের জন্য নির্বাচন বোর্ড ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করতে পারবে এবং মনিটরিং কমিটির সদস্যগণ নির্বাচনে প্রার্থী হতে পারবে না।

১০. নির্বাচন বোর্ড ও আপিল বোর্ডের সদস্যবৃন্দ, নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, প্রার্থী ও ভোটারগণ ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবেন।

১১. ভোট প্রয়োগ করার জন্য একই সময়ে শুধুমাত্র একজন ভোটার পোলিং বুথে অবস্থান করতে পারবেন। কোন ভোটার ব্যালট পেপার পোলিং বুথের বাইরে আনতে পারবেন না।

১২. প্রার্থীগণ নির্বাচন কেন্দ্রে নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে অবস্থান করবেন। ভোট প্রদান ব্যতীত প্রার্থীগণ পোলিং বুথে প্রবেশ করতে পারবেন না।

১৩. ভোট চলাকালীন সময়ে কোন প্রার্থী ভোট কেন্দ্রে প্রচারনা চালাতে পারবেন না বা ভোটারদের সাথে অযথা কথা-বার্তা বলতে পারবেন না। কোন প্রার্থী এ ধরনের কর্মকান্ডে লিপ্ত হলে বা আচরণ বিধি ভঙ্গ করলে অভিযোগ প্রমাণ সাপেক্ষে নির্বাচন বোর্ড তার প্রার্থীতা বাতিল করবেন।

১৪. নির্বাচন বোর্ড ব্যালট পেপারের নমুনা নির্ধারন করবে। ব্যালট পেপারের ১ম অংশে ব্যালট পেপার নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পেপারে ডিবিএ-এর সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যান/ নির্বাচন বোর্ডের যে কোন সদস্যের স্বাক্ষর থাকবে। অন্যথায় ব্যালট পেপার গ্রহনযোগ্য বা বৈধ হবে না।

১৫. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ থাকবে। নির্বাচন বোর্ডের দপ্তরে রক্ষিত সদস্যদের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচিতি পত্র না থাকলে অথবা স্বাক্ষরের গড়মিল হলে ভোট প্রদান করা যাবে না।

১৬. পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটার নম্বর লিপিবদ্ধ করে ব্যালট পেপারের ১ম অংশে উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর প্রদান সাপেক্ষে ব্যালট পেপারের অপর অংশটি ভোটারকে প্রদান করবেন। সেই সাথে চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নামের বিপরীতে ব্যালট পেপার নম্বর লিপিবদ্ধ করে ভোটারের ভোট প্রয়োগ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একই পদে একাধিক ব্যালট পেপার প্রদান করা হবে না।

১৭. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী হিসেবে নিযুক্ত করবেন।

১৮. ব্যালট পেপারে প্রদর্শিত প্রার্থীদের নাম মনোনয়ন পত্র জমা দেয়ার ক্রমানুসারে সাজানো হবে।

১৯. ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বক্সটি বন্ধ ও সীল করবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে রাখবেন।

২০. প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ব্যালট বক্স দেয়া থাকবে। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে একই পদের একাধিক ব্যালট বক্স ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যান নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বক্সটি সীল করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করত: উহার স্থলে অপর একটি শূণ্য সীলকৃত ব্যালট বক্সে ভোট গ্রহণ করবেন।

২১. নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বক্স সীল করে রাখা হবে। নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সীলকৃত অবস্থায় ব্যালট বক্সসমূহ সংরক্ষিত থাকবে।

২২. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে সকল ভোটার ভোট প্রদান করবেন।

২৩. ভোট প্রদানের নির্ধারিত সময় শেষ হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। ভোট গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার পরপরই ভোট গণনা শুরু হবে এবং শেষ না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। ভোট গণনার সময় প্রার্থী বা তার পক্ষে একজন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

| | | |
|---|---|---|
| দেওয়ান আজিজুর রহমান<br>সদস্য<br>ডিবিএ নির্বাচন বোর্ড<br>Dewan Azizur Rahman<br>Member<br>DBA Election Board | মো. শাহাদাত হোসেন খান<br>সদস্য<br>ডিবিএ নির্বাচন বোর্ড<br>Md. Shahadat Hossain Khan<br>Member<br>DBA Election Board | মোহাম্মদ এ. হাফিজ<br>চেয়ারম্যান<br>ডিবিএ নির্বাচন বোর্ড<br>Mohammad A. Hafiz<br>Chairman<br>DBA Election Board |